মুজিবনগরে বিয়ের দাবিতে প্রেমিকের বাড়িতে প্রেমিকার অনশন

মুজিবনগরে মাসুদ রানা (২১) নামের এক যু্বকের সাথে দির্ঘ ২ বছর প্রেম করার পর বিয়ের দাবিতে তার বাড়িতে অনশন করেছে হাবিবা খাতুন
(১৬) নামের এক কিশোরী।
রবিবার সকাল ৯ টার পর থেকে তার বাড়িতে দিনভর বসে আছে বলে জানিয়েছে হাবিবা খাতুন।

প্রেমিক মাসুদ রানা মুজিবনগর উপজেলার সোনারপুর মাঝপাড়া গ্রামের ইকতার হোসেনের ছেলে এবং প্রেমিকা হাবিবা খাতুন একই উপজেলার দারিয়াপুর গ্রামের মৃত হাবিব এর মেয়ে।

প্রথমত অবস্থায় বিয়ে দেয়ার কথা বলে ঘরে তুলে নিয়ে বিভিন্নভাবে হুমকি ধামকি দিয়ে আবারো বাইরে বের করে দিয়েছে ছেলে ও তার পরিবার।

এদিকে হাবিবা খাতুন তার বাড়িতে অনশন করার পর থেকে মাসুদ রানা বিয়ে না করার কথা বলে গা ঢাকা দিয়েছে ।

আরো পড়ুন: মেহেরপুরে তাঁতী লীগ নেতা পাভেলের আত্মহত্যা !

হাবিবা খাতুন জানান, দির্ঘ ২ বছর যাবত মাসুদ রানা ও আমি একে অপরকে ভালোবেসে আসছে। রিলেশন চলাকালিন সময়ে মাসুদে আমাকে তার স্ত্রী পরিচয়ে বিভিন্ন বন্ধুর বাড়িতে, সিনেমা হলে ও পার্কে নিয়ে গেছে।

এছাড়া আমার মায়ের কাছো আমাকে বিয়ের কথা বলে আমার পরিবারের কাছ থেকে সমস্যার কথা বলে বিভিন্ন সময় টাকা নিয়ে এসেছে। কিন্তু কিছুদিন আগে কোন এক কারনে ঝামেলার কারনে টাকার বিষয়টি লিখিত করে মিমাংসা করা হয়।

আমি মাসুদকে বার বার বিয়ের কথা বললে মাসুদ আমাকে প্রতিশ্রুতি দিয়ে আসছে। কিন্তু আমি বুঝতে পেরেছি যে সে আমাকে ছাড়াও অন্য মেয়েদের সাথে সম্পর্ক করে। তাই আমি তাকে বিয়ে করার জন্য আজ সকালে তার বাড়িতে অবস্থান করেছি।

হুমকির বিষয়ে জানতে চাইলে হাবিবা বলেন, আমি যখন তার বাড়িতে অবস্থান করি। প্রথমত অবস্থায় তারা মেনে নিয়ে আমাকে ঘরে তুলে নেয় এবং বলে তোমার পরিবারের লোকজনকে খবর দাও আমরা বিয়ে দেবো। তাদের কথামত আমি আমার পরিবারের লোকজনদের ফোন করে এখানে আসতে বলি।

কিন্তু পরবর্তিতে মাসুদ এসে আমাকে বিভিন্ন হুমকি ধামকি দিতে থাকে। এবং বলে তোকে আমার পছন্দ না,আমি তোকে বিয়ে করতে পারবো না।তুই আমাকে এভাবে বিয়ে করে সুখি হতে পারবি না।এই বলে আবার আমাকে ঘর থেকে বাইরে বের করে দিলো। কিন্তু আমি সব কিছু ভুলে তার বাড়ির উঠানে বসে থাকি।

আরো পড়ুন:স্বপ্নে দেখে গাছের বিয়ে দিলেন এক নারী!

কেন সে ছেলের বাসার সামনে বসে আছে সে বিষয়ে জানতে চাইলে সে জানায়, আমার এই মুখ নিয়ে আমি আর বাসায় যেতে পারবো না। আমি যখন তার বাড়ি থেকে চলে এসেছি,তাকে বিয়ে না করা পর্যন্ত বাড়ি ফিরবো না। শেষ প্রযন্ত যদি তার সাথে আমার বিয়ে না হয় তাহলে আমি আত্মহত্যা করবো।

মাসুদের চাচা মুক্তার হোসেন বলেন, মাসুদের বাবা বিদেশ আছে। আমি আমার ভাইয়ের সাথে কথা বলেছি। পরবর্তিতে মেয়ে পক্ষের লোকজনদের এখানে আসতে বলেছি। তারা আসলে তাদের সাথে কথা বলে এটার একটা মিমাংসা করে কি করা যায় সে ব্যাবস্থা করা হবে।

ঘটনার বিষয়ে ইউপি সদস্য সোহরাব হোসেন জানান, আমি ঘটনা শোনার পর ছেলের বাসায় এসেছি। এসে মেয়েকে ছেলের বাসার সামনে বসে থাকতে দেখেছি। দুই পক্ষের লোকজন নিয়ে আমি বসবো। তারপর দুপক্ষের মতক্রমে তাদের দুজনের বিয়ে দেওয়া যায় কিনা সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

- শাকিল রেজা, মুজিবনগর

মেহেরপুরের বারাদির জাসদ নেতা আবু সিদ্দিক আর নেই

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের বারাদি- মোমিনপুর গ্রামের বাসিন্দা ও মেহেরপুর জেলা জাসদের সদস্য আবু সিদ্দিক ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

রবিবার দুপুর সাড়ে ১২ টার দিকে নিজ বাসভবনে হৃদযন্ত্রে ক্রিয়া বন্ধ হয়ে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। তিনি ওই গ্রামের মরহুম মোহাম্মদ আলীর বড় ছেলে এবং বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ হযরত মাওলানা তালেব উদ্দিনের বড় ভাই।

কর্মজীবনে তিনি নাসির টোব্যাকো ইন্ডাস্ট্রিজ এর ম্যানেজার হিসাবে চাকরি জীবন শেষ করেন। ২০১০ সালে তিনি অবসরে নেন। ছাত্রজীবন থেকেই তিনি তিনি জাসদের রাজনীতির সাথে জড়িত ছিলেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৫ বছর। তিনি এক ছেলে এক মেয়ে জামাতা বৌমা নাতনি নাতি সহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

এদিকে জাসদ নেতা আবু সিদ্দিকের মৃত্যুতে শোক জানিয়েছেন রাজনৈতিক সহযোদ্ধা জেলা জাসদের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু।

তিনি এক শোক বিবৃতিতে বলেন, ছাত্র জীবনে আবু সিদ্দিক বৈজ্ঞানিক সমাজতন্ত্রে বিশ্বাসী বাংলাদেশ ছাত্রলীগের মেহেরপুর কলেজ শাখার সাধার সম্পাদক ছিলেন। বর্তমানে তিনি মেহেরপুর জেলা জাসদের সদস্য ছিলেন। সদা হাস্যজ্জল মানুষটি বড্ড অসময়ে চলে গেলেন। সর্বদা বাম চিন্তাবে ধারণ করেই জীবন যাপন করতেন তিনি। এটি সাম্যের সমাজ, একটি নায্যতার ও মানবিক সমাজ প্রতিষ্ঠার যে কোন রঢ়াইয়ে নিজেকে সম্পৃক্ত করতেন। তার এই মৃত্যুতে জেলা জাসদ গভীর শোক ও পরিবারের প্রতি সমবেদনা প্রকাশ করছে।

- বারাদি প্রতিনিধি

মুজিবনগরের কাজিপাড়ায় মহিলাদের ক্ষমতায়ন শীর্ষক উঠান বৈঠক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের কাজিপাড়া গ্রামে ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন শীর্ষক উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

রবিবার দুপুরে মুজিবনগর উপজেলা তথ্যকেন্দ্র এ বৈঠকের আয়োজন করে। মুজিবনগর তথ্য কেন্দ্রের তথ্য কর্মকর্তা তানিয়া খন্দকারের সভাপতিত্বে
প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি ।

রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সমাজ সেবা অফিসার মোঃ আব্দুর রব এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব মোঃ আনোয়ার হোসেন । অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন।

উঠান বৈঠকে শিক্ষা, বাল্যবিবাহের কুফল, স্বাস্থ্য, সামাজিক যোগাযোগ মাধ্যমের সঠিক ব্যবহার ,সমাজ সেবা দপ্তরের কার্যক্রম ও হেল্প লাইন ১০৯৮ এবং জরুরি সেবার হেল্প লাইন নিয়ে আলোচনা করা হয়।

- মুজিবনগর অফিস

মেহেরপুর পৌরসভার উদ্যোগে বেগম রোকেয়া স্মরণে র্যালি ও আলোচনা সভা

মেহেরপুর পৌরসভার উদ্যোগে তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্পের আওতায় জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নের

লক্ষ্যে নারী জাগরণের পথিকৃত বেগম রোকেয়া স্মরণে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকালে পৌর মেয়র মাহফজুরুর রহমান রিটনের নেতৃত্বে পৌরসভা চত্বর থেকে একটি র্যালি বের করা হয।

পরে পৌরসভার কালাচাঁদ মেমোরিয়াল হলে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। পৌর মেয়র মাহফজুরুর রহমান রিটনের সভাপতিত্বে ◌াালোচনা সভায় বক্তব্য দেন প্যানেল মেয়র শাহিনুর রহমান রটন, কাউন্সিলর আবু আবদুল্লাহ বাপ্পি, আল মামুন, জাফর ইকবাল, জাহাঙ্গীর হোসেন, কল্পনা খাতুন, মনোয়ারা খাতুন প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

মুজিবনগরে শীতার্তদের মাঝে লেপ বিতরণ

মুজিবনগরে বেসরকারি এনজিও আদ্ দ্বীন এনজিওর উদ্যোগে অসহায় ও দুস্থ শীতার্তদের মাঝে লেপ বিতরণ করা হয়েছে।

রবিবার সকাল সাড়ে ১০ টায় মুজিবনগর আদ্ দ্বীন অফিস কার্যালয়ে লেপ বিতরণের আয়োজন করা হয়।

আদ্ দ্বীন এনজিও এর ম্যানেজার শাজেদুল আলমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে লেপ বিতরন করেন উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কেদারগন্জ বাজার কমিটির সভাপতি কুতুব উদ্দীন,বাজার কমিটির সাধারন সম্পাদক হেকমত আলী সহ আদ্ দ্বীন এনজিওর সকল কর্মী সংগঠন বৃন্দ্র। এসময় ১০ জন শীতার্তদের মাঝে লেপ বিতরন করা হয়।

– মুজিবনগর প্রতিনিধি

মেহেরপুরে তাঁতী লীগ নেতা পাভেলের আত্মহত্যা !

মেহেরপুর সদর থানা তাঁতী লীগের সাধারণ সম্পাদক সেলিম রেজা পাভেল গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করেছেন।

রবিবার সকাল ৯টার দিকে বাড়ির পাশের বাগানের একটি আমগাছে গলায় রশি দিয়ে তিনি আত্মহত্যা করেন। সেলিম রেজা পাভেল মেহেরপুর পৌর কলেজ পাড়ার স’মিল ব্যবসায়ী মসলেম আলীর ছেলে। ধারণা করা হচ্ছে পারিবারিক কলহের জের ধরে এ ঘটনা ঘটে থাকতে পারে।

স্থানীয়রা জানান, সকালে অন্যান্য দিনের মত নাস্তা শেষ করে পাভেল। হঠাৎ করে ৯টার দিকে গলায় রশি দেওয়া অবস্থায় আমগাছে ঝুলতে দেখে পুলিশকে খবর দেয় স্থানীয়রা। খবর পেয়ে মেহেরপুর সদর থানা পুলিশের এস আই শরিফ হাবিবুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে লাশ উদ্ধার করে থানায় নিয়ে আসে।

আরো পড়ুন:
মুজিবনগরে বিয়ের দাবিতে প্রেমিকের বাড়িতে প্রেমিকার অনশন

পারিবারিক কলহের জের ধরে দির্ঘদিন ধরে মানসিক অস্থিরতায় ভুগতেন পাভেল। প্রথম স্ত্রীর সাথে মনমালিন্যের পর ২য় বিয়ে করেছিলেন কিছু দিন আগে। প্রথম স্ত্রী বাড়ি থেকে নির্যাতন করে বের করে দেওয়ার অভিযোগ তুলে তার বিরুদ্ধে থানায় একটি অভিযোগও করেছিলেন।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান জানান, মানসিক ও পারিবারিক কলহের কারণেই সে আত্মহত্যা করেছে বলে ধারণা করা হচ্ছে। লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে উপজেলা পর্যায়ে ৪৯তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা সম্পন্ন

মেহেরপুর সদর উপজেলা পর্যায়ে ৪৯তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষার শীতকালীন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও সমাপনি অনুষ্ঠান গতকাল শনিবার বিকাল ৩ টার দিকে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হয়।

সমাপনি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সদর উপজেলা নির্বাহী অফিসার মো: মাসুদুল আলম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরষ্কার বিতরণ করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ এর ভাইস চেয়ারম্যান মো: মোমিনুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান মোছা: লতিফোন নেছা লতা, আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দীন আহাম্মদ ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিনয় কুমার চাকি।

প্রতিযোগীতায় মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার ছাত্র-ছাত্রী অংশগ্রহন করে। সমাপনি অনুষ্ঠানটি উপস্থাপনা করেন উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের পরিদর্শক মো: আনারুল ইসলাম।

আমঝুপি প্রতিনিধি:

গাংনীতে কৃষক লীগের আলোচনা

সভা ও শপথ অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলা কৃষকলীগের আয়োজনে বিজয় দিবসে আলোচনা সভা ও শপথ পাঠ অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেল সাড়ে ৪টার সময় গাংনী কাচা বাজার সংলগ্ন গরুর হাটে এ আলোচনা সভা ও শপথ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে শপথ বাক্য পাঠ করান প্রধান অতিথি মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক। অনুষ্ঠানের উদ্বোধক ছিলেন জেলা কৃষকলীগের সভাপতি মাহাবুবুল আলম শান্তি ও প্রধান বক্তার বক্তব্য রাখেন জেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন।

উপজেলা কৃষকলীগের সভাপতি মোশাররফ হোসেন এর সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, উপজেলা কৃষক লীগ সাধারণ সম্পাদক আতিয়ার রহমান, পৌর কৃষক লীগ সভাপতি বদরুল আলম, সাধারণ সম্পাদক আছাল উদ্দীন, ওয়ার্ড কাউন্সিলর নবীর উদ্দীন।

জেলা কৃষক লীগ নেতা মশিউর রহমান পলাশের সঞ্চালনায় অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন উপজেলা কৃষক লীগ সাংগঠনিক সম্পাদক আব্দুল মতিন, উপজেলা ছাত্রলীগ সভাপতি তোহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক বিপ্লব হোসেনসহ কৃষক লীগের বিভিন্ন ইউনিট নেতৃবৃন্দ।

শেখ হাসিনার নেতৃত্বে দুর্নীতি, মাদক ও মজুতদারদের বিরুদ্ধে চলমান শুদ্ধি অভিযানের সাথে একাত্বতা প্রকাশ করে এর বিরুদ্ধে লড়াই ও দেশকে দূর্নীতি মুক্ত করতে নেতা কর্মীরা শপথ বাক্য পাঠ করেন।

- গাংনী প্রতিনিধি

মেহেরপুরে অঙ্কুর এর শীতবস্ত্র

বিতরণ ও পিঠা উৎসব

মেহেরপুরের শিশু সংগঠন অঙ্কুর ’র উদ্যোগে শীতবস্ত্র বিতরণ ও পিঠা উৎসবের মধ্যে দিয়ে ৩০ জন অসহায় শিশুর মুখে হাসি ফুটালো অংকুর সংগঠক ।

সিনিয়র সংগঠক সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর মেয়র মো: মাহফুজুর রহমান রিটন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সংগঠক শোয়েব রহমান দূরন্ত, মেহেরপুর প্রতিদিন’র সাহিত্য সম্পাদক সুখী ইসলাম সাংবাাদিক মুজাহিদ মুন্না, সংগঠক ডা: সামিতা সাদেক খান, আব্দুল আলিম ।

জাবির আল সাবার সঞ্চালনায় বক্তব্য রাখেন অঙ্কুর’র সভাপতি মো: নাছিম রানা বাঁধন ও অংকুরের সাবেক সাধারণ সম্পাদক সাজ্জাদ রহমান শাফী, জ্যোতি, আখি, উল্লাস, সাকিব, তিথি, গালিব, মহতি, সাজু, হিমেল, রিওন, সুমন, নিলয়, মিলন, পারভেজ, দীপ।

এ ছাড়া উপস্থিত ছিলেন হিরন, ফাহামি, হিজল সহ উপস্থিত ছিলেন অংকুরের অন্যান্য সদস্যরা।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে গাঁজাসহ মহিলা আটক

মেহেরপুরের গাংনীতে ১ কেজি গাঁজাসহ কোহিনুর বেগম (৪২) নামের এক মহিলাকে আটক করেছে পুলিশ।

আটককৃত কোহিনুর বেগম কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার মুন্সিগঞ্জ গ্রামের শুকচাঁদ মন্ডলের মেয়ে।

শনিবার বিকেল ৫ টার দিকে গাংনী উপজেলার কাজীপুর গ্রামের বুড়িপোতাপাড়া এলাকা থেকে কোহিনুর বেগমকে আটক করে স্থানীয় পীরতলা ক্যাম্প পুলিশ।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান,কাজীপুর বুড়িপোতা এলাকায় মাদক পাঁচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে স্থানীয় পীরতলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস আই অজয় কুমার কুন্ডু ও সহকারী এএসআই আহমেদ আলী সেখানে অভিযান পরিচালনা করে। এ সময় কোহিনুর বেগমকে আটক করা হয়। পরে তার কাছে থাকা ১ কেজি গাঁজা উদ্ধার করা হয়। তার বিরুদ্ধে গাংনী থানায় মাদক দ্রব্য আইনে মামলা দায়ের পূর্বক আদালতে সোপর্দ করা হবে।
– গাংনী প্রতিনিধি